মৌনী মাটির মর্মের গান কবে
উঠিবে ধ্বনিয়া মর্মর তব রবে
মাধুরী ভরিবে ফুলে ফলে পল্লবে
হে মোহন প্রাণ॥
পথিকবন্ধু, ছায়ার আসন পাতি
এসো শ্যামসুন্দর।
এসো বাতাসের অধীর খেলার সাথী,
মাতাও নীলাম্বর।
উষায় জাগাও শাখায় গানের আশা,
সন্ধ্যায় আনো বিরামগভীর ভাষা,
রচি দাও রাতে সুপ্ত গীতের বাসা
হে উদার প্রাণ॥



বিশ্ব পরিবেশ দিবস

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৮

## জুন ২০২৫

PUBLISHED ON:
JUNE 2025

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

A S S O C I A T I O N   S A M B A D   J U N E   2 0 2 5

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

“হঠাৎ করে আকাশপানে মেঘের আনাগোনা
দিঘির জলে সাঁতার কাটে চিতল মাছের পোনা।”

রাজধানী শহরে, আষাঢ়স্য প্রথম দিবস ধরা দেওয়ার সময় কিছুটা হলেও বাকি। কিন্তু এই ভরা জ্যৈষ্ঠ মাসেই, আবহাওয়া তার রূপ বদল করে চলেছে আপন খেয়ালে। নীল আকাশ তার চিরপরিচিত রূপ বদলে, মেঘের পরে মেঘ জমে  জমে আঁধার করে এসে, শরীর ঝলসে দেওয়া তাপমাত্রা, বেশ কিছুটা কমিয়ে এক অজানা সুখানুভব ভিড় করেছে আমাদের মাঝে। দিনকয়েক ঝমঝম করে অবিরাম বৃষ্টিধারা এবং কোথাও সামান্য ছিটেফোঁটায়, অনুভবে এলো, ধ্যানমগ্ন বাউল-সুখের বাঁশি। প্রাক বর্ষার এই আগমনে, বিচিত্র অনুভূতিমালা গাঁথা আবেগ ও উচ্ছ্বাসে বলতে ইচ্ছে করে, এমনি করেই দিন কেটে যায় যাক না।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির (২০২২-২০২৫) কার্যকাল শেষ হতে চলেছে। আর কয়েকদিন পরেই অর্থাৎ আগামী ২২শে জুন, অ্যাসোসিয়েশনের নতুন কার্যকরী সমিতি (২০২৫-২০২৮) গঠনে, নির্বাচনের দিন স্থির করা হয়েছে। এবারের নির্বাচনী প্রক্রিয়ায় সম্পূর্ণ দায়িত্বে রয়েছেন, রিটার্নিং অফিসার সম্মানীয় সুব্রত চৌধুরী। নির্বাচন প্রক্রিয়া শেষে, সেইদিনেই সন্ধ্যায় মুক্তধারা প্রেক্ষাগৃহে বেঙ্গল অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। আমাদের অফিস কর্মীবৃন্দ অক্লান্ত পরিশ্রমে সকল সদস্যদের কাছে এই বার্তা, নানা মাধ্যমে পৌছে দেওয়ার প্রচেষ্টায় রত। সুদীর্ঘ এই সময়ে, বহু পুরানো সদস্যদের যোগাযোগের নাম্বার এবং ঠিকানা পরিবর্তিত হওয়ায়, আমরা এই মুহূর্তে আপনাদের কাছে ইচ্ছে থাকলেও, ডাকযোগে নোটিশ পৌঁছে দিতে অক্ষম। তাই সকল সম্মানীয় সদস্যদের বিনীত অনুরোধ, তাঁরা যেন অবশ্যই, মুক্তধারা অফিসে যোগাযোগ করে, এই বার্ষিক সাধারণ সভার নোটিশ সংগ্রহ করে নেন। আগামী ২২শে জুন, আপনাদের সকলের উজ্জ্বল উপস্থিতি একান্তভাবে কাম্য।

**OFFICE OF THE RETURNING OFFICER**
**BENGAL ASSOCIATION,**
**18-19 BHAI VEER SINGH MARG, NEW DELHI-110001.**
**Mobile No. 9810722281**

REF NO. Election/BA1/2025-2028

Dated: 12th May, 2025

Undersigned has been appointed as Returning Officer by Executive Committee of the Bengal Association, New Delhi by resolution dated 08-04-2025 to hold election of the Executive Committee of the Association.

I hereby call the Members of the Bengal Association on Sunday, June 22, 2025 at the premises of Bengal Association, New Delhi for conducting election for the posts of 33 Members (10 from Institutional Members and 15 from Life Members. 08 are nominated from Associate Members) for the Executive Committee for 2025-2028, as per the schedule given below:

**ELECTION SCHEDULE**

| PROGRAMME | DATE | TIME |
|---|---|---|
| 1. Date of Display of Electoral Roll | 18.05.2025 | From 10.00 AM |
| 2. Last date of objection for inclusion/deletion | 23.05.2025 | Upto 5 PM |
| 3. Date of availability of Nomination forms | 24.05.2025 | From 11 AM |
| 4. Last Date and Time of Filing of Nominations (Submission of Forms) | 07.06.2025 | 5:00 PM |
| 5. Scrutiny of Nominations | 08.06.2025 | 4:00 PM to 6:00 PM |
| 3. Display of List of Valid Nominations | 08.06.2025 | 6:30 PM |
| 4. Withdrawal of Nomination | 10.06.2025 | 11:00 AM to 5:00 PM |
| 5. Display of Final List of Contesting Candidates | 12.06.2025 | 5:30 PM |
| 6. Polling, if necessary | 22.06.2025 | 10:00 AM to 3:00 PM |
| 7. Declaration of Results (in the Annual General Meeting) | 22.06.2025 | 7:00 PM |

Note:

1. Any member collecting the Nomination form should enter the name, phone number and membership number of the person intended to be nominated by that particular form in the designated register.
2. Nomination Forms along with No Dues Certificate issued by the General Secretary of the Bengal Association should be handed over to the undersigned or authorized person nominated by the undersigned at the Office of the Bengal Association personally by the candidate or by his/her proposer or seconder on the date and time mentioned above.
3. A member shall not be eligible to contest election if he has not completed minimum period of one year from the date of acquiring membership of the Association to the date of Announcement of the Election.

For BENGAL ASSOCIATION

12/5/25

Returning Officer

(Subrata Chaudhury)
Returning Officer. Mobile No: 8130552505/ 9810481322

## শোক সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্য, দিল্লির বিশিষ্ট রবীন্দ্রপ্রেমী এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব, অভিজিৎ সেনের মৃত্যুতে আমরা গভীর শোকাহত। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

রাজধানী দিল্লির বিশিষ্ট শিক্ষাবিদ তথা বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন এবং বরিষ্ঠ সদস্য প্রণব (গদাই) চক্রবর্তীর সহধর্মিনী, মলিনা চক্রবর্তীর প্রয়াণে আমরা গভীর শোকাহত। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

## আনন্দ সংবাদ

রাজধানী দিল্লির বর্ধিত বাঙালি পরিবারে, এই প্রজন্মের এক গুণী ছাত্রী, উপালি ভট্টাচার্য, আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণ করতে গিয়ে, সমাজবিদ্যায় তাঁর গবেষণার ফলস্বরূপ, ইউনিভার্সিটি অফ ভার্জিনিয়া টেক, ব্ল্যাক্সবার্গ ক্যাম্পাস থেকে "বেস্ট ডক্টোরাল স্টুডেন্ট অ্যাওয়ার্ড" সম্মানে ভূষিত হয়েছেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার জীবনে উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

## বিশেষ সংবাদ

গত ১৮ই মে, সন্ধ্যা ছয়টায় দিল্লির দক্ষিণ দিল্লি কালীবাড়ির প্রণব মুখার্জী সভাগৃহে, রাজধানীর জনপ্রিয় "কলমের সাত রঙ" সাহিত্য পত্রিকার নববর্ষ সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠান পালিত হয়েছে।

গত ২৪শে মে, শনিবার দুপুরে, নয়ডার সেক্টর ২ এলাকায়, রাজধানী দিল্লির বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা পূর্ব দিগন্ত ফাউন্ডেশনের উদ্যোগে, সমাজের আর্থিকভাবে দুর্বল শ্রেণীদের জন্য, দ্বিতীয় দক্ষতা কেন্দ্রের উদ্বোধন হলো। রাজধানী দিল্লি সংলগ্ন বিভিন্ন স্থান থেকে অজস্র শুভাকাংখীর উপস্থিতিতে, এই দক্ষতা কেন্দ্রের উদ্বোধনে উপস্থিত ছিলেন মাননীয় উজ্জ্বল কুমার ভট্টাচার্য্য।


PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव
"Dedicated to serving the society
through collaborative efforts
with artists and groups to preserve, strengthen
and promote the rich diversity
of our cultural heritage"
PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव

গত ২৫শে মে রবিবার, মাতৃমন্দির লাইব্রেরী ঘরে বসেছিল ‘বঙ্গ সংস্কৃতির আসর’। আসরের শুরু হয়েছিল সমবেত কন্ঠে ‘বাংলার মাটি, বাংলার জল’ গানটি দিয়ে। রবীন্দ্রনাথ এবং নজরুল ইসলামের গান ও কবিতা দিয়ে সেজে উঠেছিল আসরটি। শ্রীমতী কৃষ্ণা মিশ্র ভট্টাচার্য ১৯শে মে-র ভাষা আন্দোলন সম্পর্কে নিজের অভিজ্ঞতায় আমাদের ঋদ্ধ করেন। রবীন্দ্র-নজরুল বিষয়ক একটি মনোজ্ঞ অনুষ্ঠান পরিবেশন করেন নয়ডা থেকে আসা ‘সুরধ্বনি’ নামের সাংস্কৃতিক দল। মে মাসে জন্মগ্রহণ করেছিলেন বিপ্লবী রাসবিহারী বসু। তাই ওনার কাজের ব্যাপ্তি সম্পর্কে আলোকপাত করা হয়। উপস্থিত সুধীবৃন্দের মধ্যে যাঁদের জন্মমাস ছিল, একটি লাল গোলাপ দিয়ে তাঁদের দীর্ঘ সুস্থ ও সফল জীবনের কামনা করা হয়। “মোদের গরব মোদের আশা” গানটি সমবেত কন্ঠে গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য, প্রায় ২৫ বছর ধরে চলে আসা এই আসর, দিল্লির সংস্কৃতি মনস্ক ব্যক্তিদের কাছে আজও সমান জনপ্রিয়।

আগামী ৫ই জুন থেকে ১১ই জুন, সকাল ১০টা থেকে সন্ধ্যা ৯টা পর্যন্ত, দক্ষিণ দিল্লি কালীবাড়ির বিশেষ উদ্যোগে আম মেলার আয়োজন করা হবে। গত বছরের প্রভূত সাফল্যের পর, এবারেও মালদার বাগান থেকে সরাসরি নিয়ে আসা হবে, কার্বাইড বিহীন প্রাকৃতিক ভাবে পাকা আম। বাংলার বিখ্যাত আম হিমসাগর, ল্যাংড়া, তোতাপুরী, আম্রপালি, গোপালভোগ, মল্লিকা, ফজলী, লক্ষ্মণ ভোগ, অমৃত ভোগ, কিষান ভোগ সহ পনেরোটি বিভিন্ন প্রজাতির আম নিয়ে এই মেলা বসবে দক্ষিণ দিল্লি কালীবাড়ির প্রণব মুখার্জি সভাগৃহে। এ বছরের বিশেষ আকর্ষণ “আলফানসো” আম। প্রসঙ্গত উল্লেখ্য, এই বিশেষ মেলায় প্রবেশ নিঃশুল্ক।

আগামী ২৮শে জুন, জনপ্রিয় স্বেচ্ছাসেবী সংস্থা, পূর্ব দিগন্ত ফাউন্ডেশন, সাংস্কৃতিক মনন গড়ে তোলার প্রয়াসে সৃষ্ট সংস্থা “শব্দ” এবং দিল্লির বিনয়নগর সেকেন্ডারি স্কুলের মিলিত প্রয়াসে, সারাদিন ব্যাপি একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। আবৃত্তি, সংগীত ও নৃত্যের একদিনের এই কর্মশালার সমাপ্তির পর সাংস্কৃতিক অনুষ্ঠানেরও উদ্যোগ নেওয়া হয়েছে। এই বিশেষ অনুষ্ঠানকে আলোকিত করে তুলতে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন, সর্বজনবিদিত শ্রীমতী বিজয়লক্ষ্মী বর্মন। তাঁর আলোচনা আবৃত্তির কর্মশালাকে

সমৃদ্ধ করবে। সংগীত ও নৃত্য নিয়ে বিষয়ভিত্তিক দক্ষতা প্রকাশে উপস্থিত থাকবেন সঙ্গীতগুরু দেবু ভট্টাচার্য এবং বিশিষ্ট নৃত্যশিল্পী স্মিতা চক্রবর্তী। এছাড়াও ইন্স্ট্রুমেন্ট ও স্টেজ পারফরম্যান্সে অন্তত ৪৫০ -টিরও বেশি অভিজ্ঞতা সম্পন্ন শিল্পী, সৌরশান্ত বিশ্বাস ও শব্দের কর্ণধার ডঃ সঞ্চালী মুখার্জী উপস্থিত থাকবেন, এই বিশেষ কর্মশালার নিজ নিজ বিষয়ভিত্তিক আলোচনায়। অনুষ্ঠান শেষে এই কর্মশালায় অংশগ্রহণকারীদের হাতে তুলে দেওয়া হবে সার্টিফিকেট। অংশগ্রহণে ইচ্ছুক সকলকে উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১০ই মে, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের উদ্যোগে একটি নবনির্মিত প্রেক্ষাগৃহের উদ্বোধন হয়েছে। এই উপলক্ষ্যে একটি সাংস্কৃতিক সন্ধ্যায়, বাংলার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের গান ও কবিতার সম্মিলিত প্রয়াসে সংগীত পরিবেশনে উপস্থিত ছিলেন কলকাতার বিশিষ্ট সংগীত শিল্পী প্রবুদ্ধ রাহা। ওনার সাথে বেশ কিছু গুণী শিল্পী সেদিন ওনাদের দক্ষ পরিবেশনে সকলের মনজয় করে ফেলেন।

গত ১৮ই মে, নিউ দিল্লি কালীবাড়ি ও প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট এর যৌথ উদ্যোগে, রবীন্দ্র নজরুল জয়ন্তী পালিত হয়েছে সাড়ম্বরে। সেদিনের অনুষ্ঠানে বর্তমান প্রজন্মের রবীন্দ্রসঙ্গীতের একজন শীর্ষ স্থানীয় শিল্পী শিরিন সোরাইয়া সহ দিল্লির জনপ্রিয় শিল্পী পিয়ালী হালদার সংগীত পরিবেশন করেন।

গত ১৮ই মে, সন্ধ্যায় দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির উদ্যোগে, চিত্তরঞ্জন ভবন লাউঞ্জে বরাক উপত্যকার বাংলা ভাষা শহীদদের স্মরণে অনুষ্ঠান, 'আছ অন্তরে' পালিত হয়েছে। জাহানারা রায়চৌধুরীর সঞ্চালনায় সেদিনের অনুষ্ঠানে বক্তব্য রাখেন নির্মলকান্তি ভট্টাচার্য এবং সঙ্গীত পরিবেশনে ছিলেন সাম্পান গোষ্ঠী।

গত ২৪শে মে, ডিডিএ ফ্ল্যাটস্ কালকাজির, সার্বজনীন দুর্গোৎসব কাত্যায়নী ট্রাস্টের বিশেষ উদ্যোগে, রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন করা হয়। নানা রঙে রবীন্দ্রনাথ শীর্ষক এই অনুষ্ঠানে, বিভিন্ন আঙ্গিকের সাংস্কৃতিক যাপনের মাধ্যমে


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

সুচারুভাবে অনুষ্ঠানগুলো সাজানো হয়। সেদিনের সন্ধ্যায়, বিশেষ আকর্ষণ হিসাবে, সংগীত পরিবেশনে উপস্থিত ছিলেন কলকাতার বিশিষ্ট সংগীত শিল্পী সোমদত্তা ব্যানার্জী।

গত ২৪শে মে, সন্ধ্যায় দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি আয়োজিত কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষ্যে, চিত্তরঞ্জন ভবন লাউঞ্জে , "বাঁধ ভাঙার কবি" শীর্ষক একটি সাংস্কৃতিক সন্ধ্যায় অংশগ্রহণ করেন, রাজধানী দিল্লির সুপরিচিত চন্দ্রানী দত্ত, শমীক রায়, জাহানারা রায়চৌধুরী।

গত ২৫শে মে, গুরুদেবের প্রতি এই শ্রদ্ধাঞ্জলির উদ্দেশ্যে, পূর্ব দিল্লির পূর্বাশা কালী মন্দির প্রাঙ্গণে, পূর্বাচল বঙ্গীয় সমিতির উদ্যোগে, রবীন্দ্র জয়ন্তী উদ্‌যাপন করা হয়েছে। সংস্থার সাধারণ সম্পাদক মৃণাল কান্তি বিশ্বাস জানিয়েছেন, এই আয়োজনে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণ ও সহযোগিতা সত্যিই প্রশংসার দাবি রাখে।

গত ২৫শে মে, বিপিন পাল অডিটোরিয়ামে, রাজধানী দিল্লির বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা 'লে রিদম' এবং পারফর্মিং আর্টসের জনপ্রিয় সংস্থা 'সাধ্যা' এই দুইয়ের মিলিত প্রচেষ্টায়, একটি সমসাময়িক নৃত্য পরিবেশনা, 'দ্য মিস্টিক্যাল ফরেস্ট' এর সফল মঞ্চায়ন হলো। ভারতীয় সমসাময়িক নৃত্যে, উদ্ভাবন এবং উৎকর্ষতার সমার্থক হিসাবে সুপরিচিত সাধ্যার ২৭তম বার্ষিক এই সাংস্কৃতিক উৎসবে, বিশিষ্ট নৃত্যশিল্পী সন্তোষ নায়ার এর এই নৃত্য পরিচালনা, এক মুগ্ধতার আবেশে দেখার সৌভাগ্য অর্জন করলেন, রাজধানী দিল্লির অগণিত দর্শক।

গত ২৬শে মে সন্ধ্যায়, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে, বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান "নজরুলের পঞ্চ কন্যা" সাড়ম্বরে পালিত হয়েছে। সেদিনের সাংস্কৃতিক সন্ধ্যায়, দক্ষিণ দিল্লি কালীবাড়ির সাংস্কৃতিক গোষ্ঠী "কোমল গান্ধার" এর উদ্বোধনী সঙ্গীতের পর, অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন, জাহানারা রায়চৌধুরী, সুতপা ঘোষ দস্তিদার, ডঃ অমৃতা দত্ত, ইন্দ্রানী দাস ও সুদর্শনা সিনহা। যন্ত্র সঙ্গতে কী বোর্ডে মিহির বসু ও তবলায় নীলাঞ্জন সেনগুপ্ত অংশ নেন। সমগ্র অনুষ্ঠানটির সুচারু সঞ্চালনায় ছিলেন, দুই বিশিষ্ট বাচিক শিল্পী যথাক্রমে ভীষ্মব্রত ভট্টাচার্য্য ও মৌলী গাঙ্গুলী।

গত ৩১শে মে সন্ধ্যায় আরাবল্লী বেঙ্গলী কালচারাল সোসাইটির উদ্যোগে, রবীন্দ্র জয়ন্তী ও আসন্ন নজরুল জয়ন্তী উপলক্ষ্যে, “হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনায় নজরুল” শীর্ষক এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছিল।

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৭ই জুন সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক কালীবাড়ি সোসাইটির উদ্যোগে, নেতাজি সুভাষ হলে, বিদ্রোহী কবি নজরুল ইসলামের ১২৬তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে, “রাগ সংগীত ও নজরুল” শীর্ষক একটি বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এদিন সন্ধ্যায় সংগীত পরিবেশনে থাকবেন, মল্লিকা ব্যানার্জী, মৌসুমী কুন্ডু এবং অনন্যা কুন্ডু। যন্ত্রসংগীত পরিচালনায় থাকবেন মিহির বসু, অসীম দাস এবং মিন্টল গাজী।

আগামী ৮ই জুন সন্ধ্যায়, বেঙ্গল ওয়েলফেয়ার এন্ড কালচারাল এসোসিয়েশন এর উদ্যোগে, “স্মরণে ও অনুভবে রবি ও নজরুল” শীর্ষক একটি অনুষ্ঠানে, বসুন্ধরা এনক্লেভ কালীবাড়ি প্রাঙ্গণে একটি সাংস্কৃতি সন্ধ্যার আয়োজন করা হয়েছে। এই সাংস্কৃতিক সন্ধ্যায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিশিষ্ট চিত্রকর তীর্থঙ্কর বিশ্বাস। সংগীত পরিবেশন করবেন, মিহির বসু ও বিশাখা বসু. তবলা সঙ্গতে থাকবেন অসীম দাস।

আগামী ২৮শে জুন সন্ধ্যায়, শিঞ্জন স্কুল অফ পারফর্মিং আর্টস এর ১৫তম বার্ষিক উৎসব উপলক্ষ্যে, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের মাল্টিপারপাস হলে একটি অসামান্য ভরতনাট্যম নৃত্য সন্ধ্যার আয়োজন করা হয়েছে। সকল সংস্কৃতিমনস্ক নৃত্যমোদী ব্যক্তিদের উপস্থিত থাকার আবেদন জানিয়েছেন সংস্থার কর্ণধার স্মিতা চক্রবর্তী।

অঙ্কুর ankur

BENGAL ASSOCIATION NEW DELHI



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR **'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm Accepted Here

Paytm से UPI

UPI & Wallet | Paytm Postpaid | UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**